আলমডাঙ্গার বলিয়ারপুর ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ দু’জন গ্রেপ্তার

আলমডাঙ্গা ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫৯ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ দুই জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর বাজার প্রাঙ্গণ থেকে তাদের আটক করা হয়।

আটকৃতরা হলেন, উপজেলা নাগদাহ ইউনিয়নের ফিল্ডপাড়া আব্দুল ওয়াদুদ বিশ্বাসের ছেলে সজিব বিশ্বাস (২৪), বলিয়ারপুর ঘোষপাড়ার মুজিবর রহমান ছেলে ঝন্টু সরদার (৩৭)।

ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ সূত্রে জানাযায়, উপজেলার নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর গ্রামের দুই যুবক সজিব ও ঝন্টু বিশ্বাস। দীর্ঘদিন মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট সেবনের পাশাপাশি বিক্রি করে আসছে। এতে স্থানীয় যুবকেরা মাদক সেবনের উপর গ্রাস করছে। বিভিন্ন সময় পুলিশ অভিযান চালালেও তারা ধরাছোয়ার বাইরে থাকে। গোপন সংবাদের ভিত্তিতে ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ আজ বুধবার দুপুরে বলিয়ারপুর বাজারে মাদকদ্রব্য অভিযান পরিচালনা করে। এসময় সজিব ও ঝন্টু বিশ্বাসকে আটক করে পুলিশ। দুজনের শরীর তল্লাশী করে ৫৯ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা-২ আসনের এমপি টগরের

মায়ের ইন্তেকাল

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর (এমপি) এর মা শখের বাণু (৮৪) ইন্তেকাল করেছেন।

গতকাল মঙ্গলবার রাত পৌনে ১১ টার দিকে ব্যার্ধক্ষ জনিত কারণে দামুড়হুদার রুঘুনাথপুর গ্রামের বাড়িতে ইন্তেকাল করেন। তিনি

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য, বিদ্যুৎ ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত কমিটির সদস্য হাজী আলী আজগার টগর (এমপি) এর মা ও মৃত আব্দুল ওহাব এর স্ত্রী। তিনি ১১ ছেলে ও ৩ মেয়ের জননী মৃত্যুকালে পুত্র-কন্যা, নাতি-নাতনী সহ অসংখ্য আত্মিয়-স্বজন রেখে গেছেন।

তিনার মৃত্যুতে জেলার প্রশাসনিক, রাজনৈতীক নের্তৃবৃন্দ সহ বিভিন্ন মহল শোক প্রকাশ করেছেন। আজ বুধবার বেলা ১১ টার দিকে

রঘুনাথপুর গ্রামে জানাযা শেষে গ্রামের কবরস্থানে দাফনকার্য সম্পন্ন করা হবে বলে পরিবার সূত্রে জানাযায়।

আলমডাঙ্গায় বর্ষায় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ছাতা প্রদান ও মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা এলাকায় বহমান তাপপ্রবাহ ও আসন্ন বর্ষায় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে ছাতা প্রদান উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

তারাদেবী ফাউন্ডেশনের আয়োজনে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন তারাদেবী ফাউন্ডেশনের চেয়ারম্যান, কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য, ডায়মন্ড ওয়াল্ডের স্বত্বাধিকারী দিলিপ কুমার

চুয়াডাঙ্গা দর্শনা ও জীবনগর ঝুঁকিপূর্ণভাবে চলছে সড়ক সম্প্রসারণ

চুয়াডাঙ্গায় ঝুঁকিপূর্ণভাবে সড়ক সম্প্রসারণের কাজ চলায় যে কোন মূহুর্তে ঘটতেপারে ভয়াবহ দুর্ঘটনা। সেই সঙ্গে চলছে দায়সারা গোছের সড়ক সংস্কার।

চুয়াডাঙ্গা হতে জীবননগর সড়কের ডুগডুগি বাজার থেকে লোকনাথপুর পর্যন্ত ধীর গতিতে এ কাজ চলছে। নওগাঁ জেলার একজন ঠিকাদারের কাজ এ জেলার একজন অনভিজ্ঞ ঠিকাদার দায়সারাভাবে করায় কাজের মান নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে।

চুয়াডাঙ্গা সড়ক ও জনপথ বিভাগ সূত্রে জানা যায়, চলতি অর্থ বছরে চুয়াডাঙ্গা হতে দর্শনা, জীবননগর সড়কের ডুগডুগি বাজার থেকে লোকনাথপুর পর্যন্ত কার্পেটিং সিলিকেট কাজ পায় নওগাঁ জেলার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আমিনুল হক (প্রাঃ) লি.। ৮৯ লাখ টাকা ব্যয়ে ৭৫০ মিটার একাজ স্হানীয়ভাবে বাস্তবায়ন করছে ওই প্রতিষ্ঠানের পক্ষে একজন অনভিজ্ঞ ঠিকাদার।

সরেজমিনে দেখা যায়, কোন রকম প্রতিরোধমূলক ব্যবস্থা না রেখেই সারাদিন রাত শত শত যানবাহন চলাচলকারী এ সড়কের দু’ধারে গর্ত খুঁড়ে রাখা হয়েছে। প্রতিরোধক হিসেবে গর্তের ধারে চারটি করে ইট ব্যবহার করা হচ্ছে। সতর্ক করার জন্য বাঁশের লাঠির মাথায় লালটেপ জড়িয়ে কয়েক জায়গায় পুঁতে রাখা হয়েছে। তবে সড়কের কিছু অংশ ইটবালী মিশিয়ে ভরাট করলেও অন্য অংশে গর্ত রয়েই গেছে। রাতে সড়ক বাতি না থাকায় পুরো সড়ক অন্ধকারে নিমজ্জিত থাকছে। বৃষ্টি আর কাদাঁ ও সড়কের দু’ধারের গর্তে কারনে এ সড়ক দিয়ে চলাচল ঝুঁকিপূর্ণ হয়ে গেছে। যে কোন মূহুর্তে দ্রুতগতির যানবাহন নিয়ন্ত্রণ হারিয়ে গর্তে পড়ে গিয়ে ভয়াবহ দুর্ঘটনা ঘটতে পারে। লোকনাথপুর বাজারের কয়েকজন ব্যবসায়ী বলেন, বড় বড় গর্ত খুঁড়ে রাখায় সড়ক পার হয়ে খদ্দের আসতে না পারায় তারা ক্ষতিগ্রস্হ হচ্ছে। তাছাড়া গর্তের কারনে আবাসিক এলাকার বাসিন্দারা অন্ধকারে নির্বিঘ্নে চলাচল করতে পারছেনা।

এছাড়া সড়ক সংস্কারের চলছে যথেষ্ট অনিয়ম। সড়কের ওপর হালকা পিচের প্রলেপ দিয়ে কাজ শেষ করা হয়েছে। রোলার দেয়ার পরও সড়ক রয়েছে

উঁচুনিঁচু। মনেই হচ্ছে না সড়কটি সংস্কার করা হয়েছে। দায়সারা গোছের কাজের কারনে সংস্কারের মান নিয়েও প্রশ্ন উঠেছে।

দর্শনা বাসস্ট্যান্ডের ব্যবসায়ী আব্দুর রহমান, আবু সাঈদ, একরামুল ও স্হানীয় বাসিন্দা মতিয়ার অভিন্ন ভাষায় বলেন, সড়ক সংস্কারে যথেষ্ট অনিয়ম হয়েছে। সড়কে সামান্য পিচের প্রলেপ দিয়ে কাজ শেষ করা হয়েছে। এ কাজে সরকারের টাকার তছরুপ করা ঠিক হয়নি। চোখের সামনে আমাদের দূর্নীতি দেখে সহ্য করতে হচ্ছে, যা কষ্টদায়ক।

চুয়াডাঙ্গা সড়ক ও জনপথ বিভাগের উপ-সহকারী প্রকৌশলী কাজী আজিজুর রহমান বলেন, কাজটিতে শ্রমিক বাড়ীয়ে দ্রুত করার তাগিদ দেয়া হয়েছে। রাতে চুয়াডাঙ্গায় ফেরার সময় তারও গাড়ী কাঁদায় আটকে গিয়েছিল বলে তিনি এ প্রতিবেদককে জানান।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মুহাম্মদ মঞ্জুরুল করিম জানান, কাজটিতে তদারকি বাড়াতে হবে। এখানে দায়সারা কাজের কোন সুযোগ নেই। এটা গুরুত্বের সঙ্গে দেখা হবে।

আলমডাঙ্গায় আওয়ামী লীগের ত্যাগী অবহেলিত নেতাকর্মিদের ব্যানারে নৌকা মঞ্চ গঠন

” আলমডাঙ্গা-চুয়াডাঙ্গার বঙ্গবন্ধু আদর্শে অনুপ্রাণিত তৃণমূল পর্যায়ের ত্যাগী, অবহেলিত নেতাকর্মী বৃন্দ”র ব্যানারে অনুষ্ঠিত এ মত বিনিময় সভায় আওয়ামীলীগের নৌকা মঞ্চ গঠন করা হয়।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টায় আলমডাঙ্গার থানাপাড়া কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত মতবিনিময় সভায় গঠিত কমিটিতে জেলা আওয়ামী লীগের সাবেক তথ্য ও গবেষণা সম্পাদক ও সাবেক ভাংবাড়িয়া ইউপি চেয়ারম্যান কাউসার আহমেদ বাবলুকে আহ্ববায়ক ও জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক সাবেক ইউপি চেয়ারম্যান জিল্লুর রহমানকে সদস্য সচিব করে ৫১ সদস্য বিশিষ্ট এ মঞ্চ গঠন করা হয় ।

কমিটির যুগ্ন আহ্বায়ক করা হয়েছে পদ্মবিলা ইউপির সাবেক চেয়ারম্যান আবু তাহের বিশ্বাস, জেলা কৃষকলীগের সভাপতি সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার, কুতুবপুর ইউপির সাবেক চেয়ারম্যান সাখাওয়াত হোসেন টাইগার, ইউপি আওয়ামীলীগ সাধারণ সম্পাদক রকিবুল হাসান, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল।

কাউসার আহমেদ বাবলুর সভাপতিত্ব এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন কালিদাসপুর ইউপির সাবেক সভাপতি জালাল হোসেন, বেলগাছি ইউপির সাবেক সেক্রেটারি নজরুল ইসলাম, অগ্নিসেনাখ্যাত বীর মুক্তিযোদ্ধা সাবেক ইউপি চেয়ারম্যান মইন উদ্দীন আহমেদ, বাবুলাল দোবে,লাভলুর,ফজলুর রহমান,
খন্দকার বজলুর করিম,আবু তালেবসহ অনেকেই বক্তব্য রাখেন।

মতবিনিময় সভায় বক্তাগণ বলেন, দুই হাজার আট সালে আওয়ামীলগকে ক্ষমতায় নিয়ে যাওয়ার জন্য আপনারাই প্রত্যেকটা ইউনিয়নে নেতৃত্ব দিয়েছেন। আজকে আপনারাই দলের কাছে সবচেয়ে উপেক্ষিত। দুর্দিনের যারা নেতাকর্মি, তাদের কোথাও জায়গা নেই। যারা বিগত দিনে নৌকার বিরুদ্ধে ছিল, আজকে তাদেরকে সুবিধা দেওয়া হচ্ছে। এমনকি দলের পদ পদবী পাচ্ছে তারা।

চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের রাজনীতি পকেটে পুরে করা হচ্ছে। ইচ্ছামত দল পরিচালনা করছেন।
বিগত দিনে আমরা দেখলাম জননেত্রী শেখ হাসিনা উপজেলা নির্বাচনে জিল্লুর রহমানকে নৌকা প্রতিক দিলো,জেলা থেকে বলা হলো এ নৌকা কাগজের নৌকা। নৌকাকে হারিয়ে দেওয়া হলো। সেই নির্বাচনে আমরা নৌকার পক্ষে ভোট করেছিলাম। আমাদের অপরাধ আমরা নৌকার ভোট করেছি বলে আজ আমরা অবহেলিত। নির্যাতিত নিপীড়িত। বিভিন্ন ইউনিয়নে কমিটি গঠন করা হয়েছে, আমাদের একটা সদস্য পদও দেওয়া হয়নি।

যেহেতু আমরা আওয়ামী লীগ করি,এই অবস্থায় আমরা আর বসে থাকতে পারিনা। প্রয়োজনে আমরা দলের কান্ডারি বাংলাদেশ আওয়ামীলীগের জননেত্রী শেখ হাসিনার সাথে দেখা করবো।দলের এই অবস্থার কথা তুলে ধরবো।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়ে চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুনের সভাপতিত্বে মে মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় প্রত্যেক থানার অফিসার ইনচার্জদের মামলা নিষ্পত্তি, নিয়মিত মামলায় আসামি গ্রেফতার, ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন ডিউটি, হোন্ডা মোবাইল, জাল টাকা/অজ্ঞানপার্টি/মলমপার্টি চক্র গ্রেফতার, অবৈধ অস্ত্র-গুলি, মাদকদ্রব্য ও চোরাচালান পণ্য উদ্ধার, ভাড়াটিয়ার তথ্যফরম পূরণ, আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে থানা এলাকায় বাড়তি নিরাপত্তা জোরদার, আইন-শৃঙ্খলা রক্ষাসহ যেকোনো অপ্রীতিকর ঘটনা/গুজব রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। পুলিশ সুপার সকল অফিসার ও ফোর্সের অর্পিত দায়িত্ব পেশাদারিত্বের সাথে যথাযথভাবে পালনের আহ্বান জানান।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)আবু তারেক , অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, সহকারী পুলিশ সুপার (শিক্ষানবিশ) এইচ এম গোলাম রাব্বি, মেডিকেল অফিসার পুলিশ হাসপাতাল চুয়াডাঙ্গা হুমায়রা আক্তার, মোঃ আলমগীর কবীর, ডিআইও-১, জেলা বিশেষ শাখা, সকল অফিসার ইনচার্জগন, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই (প্রশাসন), সকল ক্যাম্প ইনচার্জসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ড্রিলশেডে অনুষ্ঠিত হয়েছে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা। ভালকাজের স্বীকৃতিস্বরূপ ৮৪ জনকে ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করা হয়েছে।

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ড্রিলশেডে পুলিশ সুপারের সভাপতিত্বে পুলিশ লাইন্সে গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন উক্ত কল্যাণ সভায় অংশগ্রহণকারী সকল অফিসারদের কথা মনোযোগ সহকারে শোনেন। পূর্ববর্তী কল্যাণ সভায় উপস্থাপিত বিষয়ে সমাধানসহ সার্বিক বিষয়ে আলোচনা করেন। চাহিদার প্রেক্ষিতে থানা ক্যাম্প ফাঁড়িতে দাপ্তরিক ব্যবহার্য জিনিস-পত্রাদি প্রদান করেন। চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত অফিসার ফোর্সদের বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জন করায় এবং দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় ভালকাজের স্বীকৃতি স্বরূপ সর্বমোট ৮৪ জনকে পুলিশ সুপার ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করেন।

উক্ত কল্যাণ সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)আবু তারেক , অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, সহকারী পুলিশ সুপার (শিক্ষানবিশ) এইচ এম গোলাম রাব্বি, মেডিকেল অফিসার পুলিশ হাসপাতাল চুয়াডাঙ্গা হুমায়রা আক্তার, মোঃ আলমগীর কবীর, ডিআইও-১, জেলা বিশেষ শাখা, সকল অফিসার ইনচার্জগন, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই (প্রশাসন), সকল ক্যাম্প ইনচার্জসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সবৃন্দ।

দামুড়হুদায় ১৮ পিচ ইয়াবাসহ দশমী পাড়ার জহিরুল ইসলাম গ্রেফতার

দামুড়হুদায় মাদকবিরোধী অভিযানে ১৮ পিচ ইয়াবাসহ একজন গ্রেফতার। গত মঙ্গলবার দিবাগত-রাত ১১ টার দিকে দামুড়হুদা চৌরাস্তার মোড় স্মৃতি ওয়াজ এন্ড চশমা হাউজের সামনে পাকা রাস্তার উপর থেকে গোপন সংবাদের ভিত্তিতে মাদকবিরোধী অভিযানে একজনকে গ্রেফতার করে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

গ্রেফতারকৃত হলো দামুড়হুদা সদর ইউনিয়নের দশমী পাড়ার বাসিন্দা মৃত আবুল কালাম এর ছেলে জহিরুল ইসলাম (৩৪)।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম এর সার্বিক দিকনির্দেশনায় এসআই মনজুরুল ইসলাম, এএসআই বিপ্লব দাস সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযানে দামুড়হুদা সদর দশমী পাড়ার মৃত আবুল কালাম এর ছেলে জহিরুল ইসলাম (৩৪) কে দামুড়হুদা চৌরাস্তার মোড় স্মৃতি ওয়াজ এন্ড চশমা হাউজের সামনে পাকা রাস্তার উপর থেকে গোপন সংবাদের ভিত্তিতে মাদকবিরোধী অভিযানে ১৮ পিচ ইয়াবা ট্যাবলেটসহ হাতেনাতে গ্রেফতার করে। তার বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আসামীকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় ভিটামিন এ ক্যাম্পেইন উপলক্ষে এডভোকেসী

ও কর্মপরিকল্পনা সভা

দামুড়হুদায় আগামী ১৮ই জুন থেকে অনুষ্ঠিতব্য জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন- ২০২৩ উপলক্ষে উপজেলা এডভোকেসী ও কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১২ টার সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) শফিউল আলমসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা ১১ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় সম্পত্তি, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পর্যালোচনা, মাদকদ্রব্য ও চোরাচালান নিরোধ, অনিষ্পন্ন চোরাচালান, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত হকারমুক্ত ও দখলমুক্ত, দ্রব্যমূল্য সহনশীল রাখাসহ আইন-

শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উপর বিস্তারিত আলোচনা হয়।

এসময় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গন্ডি পেরিয়ে স্মার্ট বাংলাদেশে পদার্পণ করছে। দেশের জানমালের নিরাপত্তা নিশ্চিতে বদ্ধ পরিকর। তাই অপরাধ প্রবণতা বন্ধে ও আইনশৃঙ্খলা উন্নয়নের পাশাপাশি সকল নাগরিককে ভূমিকা রাখতে হবে এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান। অপরদিকে বাল্যবিবাহ প্রতিরোধে দামুড়হুদা উপজেলায় বিবাহ পরানোর কাজে নিয়োজিত কাজী ও ইমামদের প্রতি বিশেষ দৃষ্টি রাখা সহ জবাব দিহিতায় রাখা হবে, প্রয়োজনে বাল্য বিবাহ পড়ানো কাজী ও ইমামদের বিরুদ্ধে সরাসরি মামলা হবে বলে ঘোষনা দেন উপজেলা নির্বাহী অফিসার।

সভায় এসময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার তদন্ত ওসি শফিউল আলম, দর্শনা থানা অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, আনসার ভিডিপি কর্মকর্তা রাফেজা খাতুন, উপজেলা মহিলা অধিদপ্তরের কর্মকর্তা হোসনে জাহান, দর্শনা সরকারি কলেজের প্রফেসর সজিব আহমেদ, উজিরপুর প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষিকা শামসুন নাহার, দর্শনা বিজিবি কমান্ডার জহির উদ্দিন, মুন্সিপুর বিজিবি বিওপি কমান্ডার শহিদুল ইসলাম, ঠাকুরপুর বিওপি কমান্ডার আবুল হোসেন, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিনসহ জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।